

# 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৪২

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ মাসে তিনটি সিয়াম উজ্জ্বল রাতের দিনগুলোতে রাখা মুস্তাহাব

ذِكْرُ الْإسْتِحْبَابِ لِلْمَرْءِ أَنْ يَجْعَلَ هَذِهِ الْأَيَّامَ الثَّلَاثَ أَيَّامَ الْبِيضِ

### আরবী

2642 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ أَبِي بَكْرٍ الْمُقَدَّمِيُّ حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ عُمَيْرٍ عَنْ مُوسَى بْنِ طَلْحَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: جَاءَ أَعْرَابِيٍّ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم بِأَرْنَب قَدْ شَوَاهَا وَجَاءَ مَعَهَا بِأَدَمِهَا فَوَضَعَهَا بَيْنَ يَدَيْهِ فَأَمْسَكَ اللَّهِ صلى الله عليه وسلم وَلَمْ يَأْكُلْ وَأَمْرَ أَصِحْابَهُ أَنْ يَأْكُلُوا يَدَيْهِ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (ما يَمْنَعُكَ أَنْ تَأْكُلُ؟) قَالَ: إِنِّي أَصُومُ ثَلَاثَةَ أَيَّامٍ مِنَ الشَّهْرِ قَالَ: (إِنْ كُنْتَ صَائِمًا فصمُ أَيام الغُرِّ) للراوي: أَبُو هُرَيْرَةَ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الراوي: أَبُو هُرَيْرَةَ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الصفحة أو الرقم: 13642 خلاصة حكم المحدث: ضعيف \_ عن أبي هريرة، الصفحة أو الرقم: 2642 خلاصة حكم المحدث: ضعيف \_ عن أبي هريرة، ويأتي (7468). قال أَبُو حَاتِمٍ: سَمِعَ هَذَا الْخَبَرَ مُوسَى بْنُ طَلْحَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ وَسَمِعَهُ مِنِ ابن الله الحوتكية عن أبي ذر والطريقان \_ جميعاً \_ محفوظان.

#### বাংলা

৩৬৪২. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু বর্ণিত, তিনি বলেন, "এক বেদুঈন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে একটি ভুনা করা খচ্চরের গোসত নিয়ে আসেন। তিনি সাথে তরকারীও নিয়ে আসেন। অতঃপর তিনি সেগুলো তাঁর সামনে রাখেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম খাওয়া থেকে বিরত থাকেন এবং তাঁর সাহাবীদেরকে খাওয়ার নির্দেশ দেন। আর বেদুইন ব্যক্তিও খাওয়া থেকে বিরত থাকেন। রাসূল সাল্লল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বলেন, "তোমাকে খেতে কিসে বাধা দিচ্ছে?" সে ব্যক্তি জবাবে বলেন, "আমি মাসের তিনটি সিয়াম পালন করছি।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "যদি তুমি সিয়াম রাখো, তবে উজ্জ্বল রাতের



## দিনগুলোতে সিয়াম রাখবে।"[1]

আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "এই হাদীসটি মুসা বিন তালহা আবৃ হুরাইরা থেকে শ্রবণ করেছেন, এবং তিনি ইবনুল হাওতাকিয়্যাহর সূত্রে আবৃ যার গিফারী রাদ্বিয়াল্লাহু আনহু থেকেও হাদীসটি শ্রবণ করেছেন। কাজেই উভয় সানাদই মাহফুয বা সহীহ।"

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৩৩৬; নাসাঈ: ৪/২২২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। তিনি আবূ যার গিফারী থেকে হাদীসটি সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৬৪২)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92978

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন